



# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

কারিভূলা/বিষয়	৩০
উপ-রেজিস্ট্রার পদ/বন	
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক	
আইসিটি সেল/কম্পিউটার	
শাও শিও	
জরুরী আদেশ/বকন/ব্যবস্থা নিষ্	
চেয়ারম্যান	

কা.বি

স্মারক নং: এনসিটিবি/শি. উ./২৫৭/২০০৯(পাট-১)/ ৮-৬২

তারিখ: ২৪ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ষষ্ঠ এবং সপ্তম শ্রেণির বিষয়ভিত্তিক ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন এবং শিক্ষক ওরিয়েন্টেশন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ এবং সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তক ও অন্যান্য শিখন সামগ্রীর মাধ্যমে শিখন এবং মূল্যায়ন কার্যক্রম চলমান। শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এ সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন পরিচালনার কথা বলা হয়েছে। ইতোমধ্যে এনসিটিবি কর্তৃক প্রণীত বিষয়ভিত্তিক শিখনকালীন মূল্যায়ন নির্দেশিকা আপনার অধিদপ্তরের মাধ্যমে সকল মাধ্যমিক বিদ্যালয়ে প্রেরিত হয়েছে।

শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী সামষ্টিক মূল্যায়নের অংশ হিসেবে ১৩টি বিষয়ের **ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন গাইডলাইন ও বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা (ইতিহাস ও সামাজিক বিজ্ঞান)** এই সঙ্গে প্রেরণ করা হলো। আগামী ৭ জুন, ২০২৩ থেকে এই সঙ্গে সংযুক্ত **ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের রুটিন** এবং **ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন গাইডলাইন** অনুসরণপূর্বক সকল মাধ্যমিক বিদ্যালয়ে সামষ্টিক মূল্যায়ন বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন গাইডলাইন অনুযায়ী সামষ্টিক মূল্যায়নের প্রস্তুতির জন্য ৫ কর্মদিবস আবশ্যিক। সকল প্রতিষ্ঠানকে আগামী ৩১মে থেকে ৬ জুন ২০২৩ গাইডলাইন অনুযায়ী সামষ্টিক মূল্যায়নের প্রস্তুতিমূলক সেশন পরিচালনার নির্দেশনা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। তবে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষা, নির্বাচন অথবা অন্য কোনো কারণে রুটিন অনুসরণ করা সম্ভব না হলে, স্ব স্ব ব্যবস্থাপনায় মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করবেন।

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় শিক্ষকদের সহায়তার জন্য আগামী ২৬ মে, ২০২৩ থেকে মুক্তপাঠে (<https://nctb.muktopaath.gov.bd/>) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের একটি অনলাইন ওরিয়েন্টেশন কোর্স আয়োজন করা হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির সকল শিক্ষককে আগামী ৩০ মে ২০২৩ এর মধ্যে অনলাইন কোর্সটি সম্পন্ন করার প্রয়োজনীয় নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়সমূহের জন্য নতুন শিক্ষাক্রম প্রণীত না হওয়া পর্যন্ত বিদ্যমান পদ্ধতি অবলম্বন করে সাময়িক পরীক্ষাসমূহ গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


## মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
নিউ বেইলি রোড, ঢাকা

স্মারক নং: এনসিটিবি/শি. উ./২৫৭/২০০৯(পাট-১)/ ৮-৬২(০২)/৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

১. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২. সদস্য শিক্ষাক্রম, এনসিটিবি
৩. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
৪. পি এ টু সচিব, এনসিটিবি
৫. সংরক্ষণ নথি

  
(প্রফেসর মো. ফরহাদুল ইসলাম)

চেয়ারম্যান

ফোন: ৯৫৬৫৪৩২

ইমেইল: chairman@nctb.gov.bd

তারিখ: ২৪ মে ২০২৩ খ্রিস্টাব্দ

  
২৪/৫/২৩

(মোঃ আলমগীর হোসেন)

সহকারী সচিব (প্রশাসন)



# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

[www.nctb.gov.bd](http://www.nctb.gov.bd)



## ষষ্ঠ এবং সপ্তম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন রুটিন

নং	বিষয়	তারিখ
ষষ্ঠ শ্রেণি		
১.	প্রস্তুতিমূলক সেশন (সকল বিষয়)	৩১ মে থেকে ৬ জুন ২০২৩
২.	বাংলা	৭/৬/২০২৩
৩.	ইংরেজি	৮/৬/২০২৩
৪.	গণিত	১০/৬/২০২৩
৫.	বিজ্ঞান	১১/৬/২০২৩
৬.	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান	১২/৬/২০২৩
৭.	ডিজিটাল প্রযুক্তি	১৩/৬/২০২৩
৮.	জীবন ও জীবিকা	১৪/৬/২০২৩
৯.	স্বাস্থ্য সুরক্ষা	১৫/৬/২০২৩
১০.	ধর্ম	১৭/৬/২০২৩
১১.	শিল্প ও সংস্কৃতি	১৮/৬/২০২৩
সপ্তম শ্রেণি		
১.	প্রস্তুতিমূলক সেশন (সকল বিষয়)	৩১ মে থেকে ৬ জুন ২০২৩
২.	বাংলা	৮/৬/২০২৩
৩.	ইংরেজি	১০/৬/২০২৩
৪.	গণিত	১১/৬/২০২৩
৫.	বিজ্ঞান	১২/৬/২০২৩
৬.	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান	১৩/৬/২০২৩
৭.	ডিজিটাল প্রযুক্তি	১৪/৬/২০২৩
৮.	জীবন ও জীবিকা	১৫/৬/২০২৩
৯.	স্বাস্থ্য সুরক্ষা	১৭/৬/২০২৩
১০.	ধর্ম	১৮/৬/২০২৩
১১.	শিল্প ও সংস্কৃতি	৭/৬/২০২৩